দৈনিক
ইত্তেফাক

তারিখ ২0 MAR 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৩

# মেয়াদোত্তীর্ণ কমিটিতে নিষ্ক্রিয় জাবি ছাত্রলীগ

## এমনকি বঙ্গবন্ধুর জন্মদিনেও শ্রদ্ধা জানায়নি

■ আবদুল্লাহ আল মামুন নিলয়, জাবি সংবাদদাতা

বিবাহিত, অছাত্র ও মেয়াদোত্তীর্ণ কমিটি দিয়ে চলছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের রাজনীতি। যার কারণে ক্যাম্পাসে ছাত্রলীগের সাংগঠনিক কার্যক্রমে দেখা দিয়েছে নিষ্ক্রিয়তা। সর্বশেষ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনে ক্যাম্পাসের অন্যান্য সংগঠন জাতির জনকের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানালেও শাখা ছাত্রলীগের পক্ষ থেকে শ্রদ্ধা জানানো হয়নি। এমনকি বিশ্ববিদ্যালয়ে নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের প্রতি বছর অভিনন্দন জানানোর জন্য বিভিন্ন কর্মসূচি থাকলেও এবার কোনো কর্মসূচি পালন করা হয়নি। এর জন্য মেয়াদোত্তীর্ণ কমিটিকেই দায়ী করছেন সংশ্লিষ্টরা।

ছাত্রলীগ সূত্রে জানা যায়, ২০১২ সালের সেপ্টেম্বর মাসে মাহমুদুর রহমান জনিকে সভাপতি ও রাজিব আহমেদ রাসেলকে সাধারণ সম্পাদক করে এক বছরের জন্য ২৫ সদস্যের কমিটি গঠন করে কেন্দ্রীয় ছাত্রলীগ। দীর্ঘদিন পর ১৬১ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি হলেও জাবির সব হলে এখনো পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়নি। প্রায় আড়াই বছর আগেই মেয়াদ শেষ হয় বিশ্ববিদ্যালয় কমিটির।

এছাড়া বর্তমান জাবি ছাত্রলীগের সভাপতি মাহমুদুর রহমান জনি ও সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেলকে কেন্দ্রীয় ছাত্রলীগের সহ-সভাপতি করা হয়েছে। সহ-সভাপতি হওয়ার পরও তারা জাবি ছাত্রলীগের গুরুত্বপূর্ণ দুটো পদে দায়িত্ব পালন করছেন।

অন্যদিকে জাবির ২৫ জন সহ-সভাপতির মধ্যে ২৩ জনেরই ছাত্রত্ব নেই। যুগ্ম সম্পাদকদের মধ্যে মাত্র তিনজনের ছাত্রত্ব রয়েছে। ৮ জন সাংগঠনিক সম্পাদকের মধ্যে মাত্র দুই জনের ছাত্রত্ব রয়েছে। এছাড়া কমিটির ২৫ জন উপসম্পাদকের মধ্যে পাঁচজন, ৩৩ জন সহ-সম্পাদকের মধ্যে একজন এবং কার্যকরী সদস্য ৩৩ জনের মধ্যে তিনজনের ছাত্রত্ব নেই। এছাড়া কমিটির ১৫ জনের বেশি নেতা পড়াশোনা শেষে বিয়ে করে ঘর-সংসার করছেন। এদের মধ্যে যাদের ছাত্রত্ব আছে তাদের অনেকে আবার ক্যাম্পাসে নিয়মিত থাকেন না।

বর্তমান কমিটির গ্রহণযোগ্যতা না থাকা ও তাদের বিভিন্ন বিষয়ে তদারকি না থাকার কারণে ছাত্রলীগের জুনিয়র কর্মীরা ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীদের মারধর, শিক্ষক লাঞ্ছনা, নারী শিক্ষার্থীদের ইভটিজিংসহ বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়ছে। নাম প্রকাশে অনিচ্ছুক বিশ্ববিদ্যালয়ের একাধিক ছাত্রলীগ কর্মী ক্ষোভ প্রকাশ করে জানান, নতুন কমিটি না হওয়ায় যে যার মত করে ক্যাম্পাসে রাজনীতি করছে।

বঙ্গবন্ধুর জন্মদিনে ছাত্রলীগের পক্ষ থেকে শ্রদ্ধা জানানো হয়নি স্বীকার করে শাখা ছাত্রলীগের সভাপতি মাহমুদুর রহমান জনি বলেন, 'বিভিন্ন ব্যস্ততার কারণে নবীন শিক্ষার্থীদের নিয়ে কর্মসূচিসহ বিভিন্ন কর্মসূচি দেয়া হয়ে উঠছে না। তবে আমরা সামনে বিভিন্ন কর্মসূচি পালন করবো'।

জাবি ছাত্রলীগের নতুন কমিটির বিষয়ে কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন ইত্তেফাককে বলেন, দ্রুত সম্মেলনের মাধ্যমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নতুন কমিটি-গঠন করা হবে।